ফিরিশতাদেরকে আলো থেকে সৃষ্টি করা হয়েছে। জিন্ন জাতিকে সৃষ্টি করা হয়েছে অগ্নিশিখা থেকে। আর আদমকে সৃষ্টি করা হয়েছে সেই বস্তু থেকে, যা তোমাদেরকে বর্ণনা করা হয়েছে।

আয়েশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “ফিরিশতাদেরকে আলো থেকে সৃষ্টি করা হয়েছে। জিন্ন জাতিকে
সৃষ্টি করা হয়েছে অগ্নিশিখা থেকে। আর আদমকে সৃষ্টি করা হয়েছে সেই বস্তু থেকে, যা তোমাদেরকে বর্ণনা করা হয়েছে।” [সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সৃষ্টির সূচনা সম্পর্কে সংবাদ দেন। তিনি উল্লেখ করেন, ফিরিশতাদেরকে নূর বা আলো থেকে সৃষ্টি করা হয়েছে। এ কারণেই তারা কখনোই আল্লাহর অবাধ্য হন না এবং তাঁর ইবাদাত থেকে বিচ্যুত হন না। আর জিন্ন সম্পর্কে তিনি বলেন, জিন্ন জাতিকে সৃষ্টি করা হয়েছে অগ্নিশিখা থেকে। এ কারণেই তাদের অধিকাংশই অসংলগ্ন, অনর্থক ও সীমালঙ্ঘনপূর্ণ কর্মকাণ্ডে লিপ্ত। আর আদমকে সৃষ্টি করা হয়েছে সেই বস্তু থেকে, যা তোমাদেরকে বর্ণনা করা হয়েছে। অর্থাৎ কাদা মাটি থেকে, মাটি থেকে, শুষ্ক ঠনঠনে মাটি যা পোড়া মাটির ন্যায় তা থেকে। কারণ, মাটি কাদাতে রূপান্তরিত হয়। অতঃপর ঠনঠনে হয়। অতঃপর তা থেকে আদম আলাইহিস সালাত ও সালামকে সৃষ্টি করা হয়েছে। রিযাদুস সালেহীনের ব্যাখ্যা (৬/৬৬১)।

https://sunnah.global/hadeeth/bn/show/8264